# <u>বড়াইগ্রাম উপজেলা পরিষদের মে/২০১৩ মাসের সভার কার্যবিবরণী।</u>

সভাপতি ঃ মোঃ আতাউর রহমান
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত),উপজেলা পরিষদ, বড়াইগ্রাম,নাটোর।

তারিখ ঃ ২৮.৫.২০১৩ খ্রিঃ সময় ঃ বেলা ১১.৩০ মিঃ

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, বড়াইগ্রাম,নাটোর।

( উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ক, অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট খ )

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসুচি অনুযায়ী বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

**<u>১। প্রকৌশল বিভাগ ঃ</u>**

উপজেলা প্রকৌশলী বলেন ২০১২-১৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি খাতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে সর্বমোট ৪৯.৫০ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহিত প্রকল্পসমূহের কাজ প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ আগামী সাত দিনের মধ্যে সম্পন্ন হবে।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২০১২-১৩ অর্থ বছরের গৃহিত সকল প্রকল্পের কাজ ১০০% সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী,বড়াইগ্রামকে অনুরোধ করা হলো।

২। <u>কৃষি বিভাগ ঃ</u>

উপজেলা কৃষি অফিসার বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে আবহাওয়া কৃষির অনুকূলে রয়েছে। মুগ কালাই উত্তোলন চলছে। ফলন মোটামুটি ভাল হয়েছে। মাঠে পাট ও অন্যান্য ফসলের অবস্থা ভাল। বাজার মূল্য কৃষকদের অনুকূলে রয়েছে। সার, তেল ও কীটনাশকের মওজুদ ও মূল্য স্বাভাবিক রয়েছে।

**<u>সিদ্ধান্ত ঃ</u>** কৃষি উৎপাদন বৃদ্ধিতে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ /কৌশল প্রদান অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো।

**<u>৩। স্বাস্থ্য বিভাগ ঃ</u>**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা সম্ভব হলো না।

**<u>সিদ্ধান্ত ঃ</u>** সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো।

**<u>৪। প্রাণিসম্পদ বিভাগ ঃ</u>**

উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বড়াইগ্রাম বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বার্ড ফ্লু বা তড়কা রোগ নেই।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে নিয়মিত খামার পরিদর্শন করে বার্ড ফ্লু বা তড়কা রোগ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।

**<u>৫। মৎস্য বিভাগ ঃ</u>**

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্ষা মৌসুমে প্লাবন ভূমিতে মৎস্য পোনা অবমুক্ত করা হবে।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ সরকারি নীতিমালা যথাযথ অনুসরণে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার,বড়াইগ্রাম, নাটোরকে অনুরোধ করা হলো।

**<u>৬। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u>**

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা সম্ভব হলো না।

**<u>সিদ্ধান্ত ঃ</u>** সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো।

**<u>৭। সমাজসেবা বিভাগ</u>**

উপজেলা সমাজসেবা অফিসার বলেন ভাতা বিতরণ চলমান আছে। ইতোমধেই উপজেলা পর্যায়ে প্রতিবন্দ্বীদের সঠিক পরিসংখ্যান নিরুপনের জন্য প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপ-২০১৩ শুরু হয়েছে। জপির কাজে সকলের সার্বিক সহযোগতিা প্রয়োজন।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ সরকারি নীতিমালার আলোকে বিভিন্ন ভাতা সুবিধাভোগীদের মধ্যে টাকা বিতরণসহ প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপ-২০১৩ সুষ্ঠুভাবে সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো।

**<u>৮। প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ</u>**

উপজেলা শিক্ষা অফিসার বলেন প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক পরীক্ষা ইতোমধ্যেই শেষ হয়েছে। সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্ত বর্তমানে কেজি স্কুলের রেজিষ্ট্রেশন চলছে। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।

**<u>সিদ্ধান্ত ঃ</u>** সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।



**<u>৯। প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u>** ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০১২-১৩ অর্থ বছরে টি,আর সাধারণ খাতে ১ম পর্যায়ে ১৪৭.১২৯১ মেঃ টন খাদ্যশষ্য বরাদ্দ পাওয়া যায়। যা দ্বারা ৫৭টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট উপকারভোগীর সংখ্যা ৫৮০০ জন। কাজের অগ্রগতি ৯৯%। বনপাড়া পৌরসভায় টি আর সাধারণ ১ম পর্যায়ে ১৪.৪২৮৩ মেঃ টন খাদ্য শষ্য প্রদান প্রদান করা হয়। যা দ্বারা ১১টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট উপকারভোগীর সংখ্যা ১২০০ জন। কাজের অগ্রগতি ৯৮.৪১%। বড়াইগ্রাম পৌরসভায় টি আর সাধারণ ১ম পর্যায়ে ১১.৯২২ মেঃ টন খাদ্য শষ্য প্রদান প্রদান করা হয়। যা দ্বারা ০৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট উপকারভোগীর সংখ্যা ১১০০ জন। কাজের অগ্রগতি ৯৭%।। টি আর বিশেষ খাতে ১ম পর্যায়ে ১৬০.০০০ মেঃ টন খাদ্য শষ্য প্রদান করা হয়। যা দ্বারা ৭৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৯৮.৭৫%। কাবিখা সাধারন খাতে ১ম পর্যায়ে ১৭৩.৩০০৪ মেঃ টন খাদ্য শষ্য বরাদ্দ প্রদান করা হয়। যা দ্বারা ১৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%। এছাড়াও নির্বাচনী এলাকাভিত্তিক ১ম পর্যায়ে ১৬০.০০০ মেঃ টন খাদ্য শষ্য প্রদান করা হয়েছে। যা দ্বারা ১৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%। কাবিখা সাধারণ খাতে

২য় পর্যায়ে বরাদ্দকৃত খাদ্য শস্য ১৭৩.৩০০৪ মেঃ টন। প্রকল্প সংখ্যা ২০টি। কাজের অগ্রগতি ৭০% । কাবিখা বিশেষ নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে ১৬০.০০০ মেঃ টন খাদ্য শস্য বরাদ্দ পাওয়া যায়। যা দ্বারা ১৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৬৫%। টিআর ২য় পর্যায়ে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ ১৪৭.১২৯১ মেঃ টন। যা দ্বারা ৬৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৮১%। বনপাড়া পৌরসভায় সাধারণ ২য় পর্যায়ে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ ১৪.৪২৮৩ মেঃ টন। যা দ্বারা ১০টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৮৬% । বড়াইগ্রাম পৌরসভায় সাধারণ ২য় পর্যায়ে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ ১১.৯২২ মেঃ টন। যা দ্বারা ০৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৮৩%। এছাড়াও নির্বাচনী এলাকাভিত্তিক টিআর বিশেষ ২য় পর্যায়ে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ ১৬০.০০০ মেঃ টন। যা দ্বারা ৭৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৮৪%। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির অধিনে কাজ চলছে।

**সিদ্ধান্ত** ঃ বিধি মোতাবেক প্রকল্পগুলি যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হলো।

১০। **মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা সমভব হলো না।

**সিদ্ধান্ত ঃ** সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো

।

**১১। যুব উন্নয়ন বিভাগ ঃ**

উপজেলা যুব উন্নয়ন অফিসার অফিসার বলেন বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** সরকারি নির্দেশনার আলোকে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো।

**১২। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০১২-১৩ অর্থ বৎসরের বরাদ্দকৃত নলকুপ স্থাপন সম্পন্ন হয়েছে। নলকুপের পানিতে আর্সেনিক দূষণ পরিলক্ষিত হয়নি। স্যানিটেশন কার্যক্রম অব্যাহত রয়েছে। শতভাগ স্যানিটেশন নিশ্চিত করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সভার মাধ্যমে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত** ঃ প্রত্যেক ইউনিয়নে শতভাগ স্যানিটেশন নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বড়াইগ্রাম, নাটোরকে অনুরোধ করা হলো।

**১৩। পল্লী উন্নয়ন বিভাগ ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় বলেন মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প একটি বাড়ী একটি খামার এর কার্যক্রম চলছে। তবে একটি বাড়ী একটি খামার প্রকল্পের অধিনে সঞ্চয় আদায় কম। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সহযোগিতা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে প্রয়োজনীয় উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** একটি বাড়ী একটি খামার প্রকল্পের অধিনে সরকারি নির্দেশনার আলোকে সঞ্চয় বাড়ানোর প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যান ও সদস্যদের অনুরোধ করা হলো।

১৪। **মাধ্যমিক শিক্ষা বিভাগ** ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত** ঃ সরকারি নীতিমালা যথাযথ অনুসরণে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

১৫। **সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় অফিসার পরীক্ষার দায়িত্বে নিয়োজিত থাকায় সভায় উপস্থিত হতে পারেননি বলে উপজেলা নির্বাহী অফিসার জানান।

**১৬। বনপাড়া পৌরসভা** ঃ মেয়র,বনপাড়া পৌরসভার পক্ষে সচিব বলেন বার্ষিক উন্নয়ন কর্মসূচী/রাজস্ব তহবিলের আওতায় গৃহিত প্রকল্পের কাজ প্রায় শেষ । তিনি বলেন উপজেলা পরিষদের ২০১২-১৩ অর্থ বছরের পৌর কর বাঁকী রয়েছে। চলতি অর্থ বছরের মধ্যে পৌরকর প্রদানের জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত** ঃ বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়নান্তে সমাপনী প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বনপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো।



**১৭। বড়াইগ্রাম পৌরসভা ঃ**

মেয়র,বড়াইগ্রাম পৌরসভা সভার পক্ষে সচিব বলেন এডিপি ও রাজস্ব খাতের অর্থে গৃহিত সকল প্রকল্পের কাজ চলমান রয়েছে। ৭০% কাজ ইতোমধ্যেই সমপন্ন হয়েছে। অবশিষ্ট কাজ শীঘ্রই শেষ হবে। পৌর অডিটোরিয়াম নির্মাণের প্রস্তাব প্রক্রিয়াধিন। পৌরসভাধিন লক্ষীকোল ও মৌখাড়া বাজারের পেরি ফেরীভুক্ত জায়গার দোকান ঘরের বরাদ্দ ও সেলামী নির্ধারণের ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। তিনি আরো বলেন লক্ষীকোল কৃত্রিম প্রজনন উপকেন্দ্রটি বার বার অবহিত সত্ত্বেও অপসারণ করা হচ্ছে না। ফলে পৌরসভার সীমানা প্রাচীর নির্মাণ করা সমভব হচ্ছে না। এ বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** ১) প্রাণিসম্পদ বিভাগের পরিত্যক্ত কৃত্রিম প্রজনন উপকেন্দ্রটি বিধি মোতাবেক অপসারণের জন্য উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সঙ্গে যোগাযোগ করার জন্য মেয়র, বড়াইগ্রাম পৌরসভাকে পুনরায় অনুরোধ করা হলো।

২) লক্ষীকোল ও মৌখাড়া বাজারের পেরী ফেরীভুক্ত ঘরের বরাদ্দ ও সেলামী সংশ্লিষ্ট নীতিমালার আলোকে করার জন্য মেয়র, বড়াইগ্রাম পৌরসভাকে অনুরোধ করা হলো।

**১৮। জোয়াড়ী ইউপি** ঃ চেয়ারম্যান, জোয়াড়ী ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হলো না।

**১৯। বড়াইগ্রাম ইউপি** ঃ চেয়ারম্যান, বড়াইগ্রাম ইউনিয়ন পরিষদ সভায় জানান ইউনিয়ন পরিষদসহ ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়নের সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক।

**সিদ্ধান্ত** ঃ ইউনিয়নের সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যান, বড়াইগ্রাম ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো।

**২০। জোনাইল ইউপি** ঃ চেয়ারম্যান,জোনাইল ইউনিয়ন পরিষদ বলেন ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক।

**সিদ্ধান্ত ঃ** আইন শৃংখলা বজায় রাখার জন্য চেয়ারম্যান, জোনাইল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো।

**২১। নগর ইউপি ঃ**

চেয়ারম্যান, নগর ইউনিয়ন পরিষদ বলেন ইউনিয়নের সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক। তিনি বলেন অনেক ছাত্র-ছাত্রী বয়স কমানো তথা সমাপনী পরীক্ষায় বয়স কমানোর জন্য অন-লাইনে আবেদন করেন। যা সংশোধন করা হচ্ছে । উপজেলা নির্বাহী অফিসার বলেন একবার জন্ম নিবন্ধনের পরে বয়স বাড়ানো বা কমানো বিধি বহির্ভূত।

**সিদ্ধান্ত** ঃ জন্ম নিবন্ধনের পরে পুনরায় বয়স বাড়ানো ও কমানো থেকে বিরত থাকার জন্য চেয়ারম্যান, নগর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো।

**২২। মাঝগাঁও ইউপি ঃ**

চেয়ারম্যান, মাঝগাঁও ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা সম্ভব হলো না।

**সিদ্ধান্ত** ঃ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য চেয়ারম্যান, মাঝগাঁও ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো।

**২৩। গোপালপুর ইউপি** ঃ

চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা সম্ভব হলো না।

**সিদ্ধান্ত** ঃ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো।

**২৪। চান্দাই ইউপি** ঃ

চেয়ারম্যান, চান্দাই ইউনিয়ন পরিষদ বলেন ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আগামী ৩০.৫.২০১৩ তারিখে ইউনিয়ন পরিষদের ২০১৩-১৪ অর্থ বছরের বাজেট অধিবেশন হবে। বাজেট অধিবেশনে সকলকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানান।

২৫। বিবিধ-১ ঃ

উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত খাতে জরুরী প্রয়োজনে অর্থ ব্যয় করা হয়েছে। যা সদয় অনুমোদিত হলে উপজেলা রাজস্ব খাতের অর্থ হতে পরিশোধ করা যায়।

ক) লেজার প্রিন্টারের জন্য টোনার ক্রয় বাবদ - ৩,০০০/-
খ) ইন্টারনেট সংযোগ বিল বাবদ ৫ মাসে ৪০২৫/- ও কাগজ ক্রয় বাবদ- ৫,৫৭০/-

সিদ্ধান্ত ঃ উপরিউক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ আতাউর রহমান )
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত )
উপজেলা পরিষদ
বড়াইগ্রাম,নাটোর।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বড়াইগ্রাম,নাটোর।

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.০১৩.০০.০০১.১২-৪১০(৪৫)
তারিখ ঃ ০২.৬.২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

১. মাননীয় সংসদ সদস্য,নাটোর-৪(গুরুদাসপুর-বড়াইগ্রাম)নির্বাচনী এলাকা, ন্যাম ফ্লাট,বিল্ডিং নং-৪,রুম নং-২০২, শেরে বাংলানগর,মানিক মিঞা এভিনিউ,ঢাকা।

২. সচিব,স্থানীয় সরকার বিভাগ। দৃষ্টি আকর্ষণ- সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়; ঢাকা।

৩. পরিচালক,স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার এর কার্যালয়,রাজশাহী।

৪. জেলা প্রশাসক,নাটোর।

৫. চেয়ারম্যান,ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বড়াইগ্রাম,নাটোর।

৬. মেয়র, বনপাড়া/বড়াইগ্রাম পৌরসভা।

৭. উপজেলা ..............................................অফিসার,বড়াইগ্রাম,নাটোর।

৮. চেয়ারম্যান, ........................................... ইউনিয়ন পরিষদ,বড়াইগ্রাম,নাটোর।

৯. অফিস কপি।

( মোহাম্মদ সাইফুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
বড়াইগ্রাম,নাটোর।